

তারিখ : ০২-১১-২০২১ (পৃঃ ০৮)



ভালুকা (ময়মনসিংহ) : প্রচলিত আমনের প্রায় ২০ দিন আগে কাটা শুরু হয়েছে ত্রি-ধান ৭০

-সংবাদ

আগাম ত্রি-ধান ৭০ কাটা শুরু : কৃষকের মুখে হাসি

আতাউর রহমান সরকার, ভালুকা (ময়মনসিংহ)

ভালুকায় চলতি মৌসুমের আগাম জাতের ত্রি-ধান ৭০ কর্তন শুরু হয়েছে। অন্যান্য ধানের চেয়ে ১৫-২০ দিন আগে এ ধান ঘরে তুলতে পারায় কৃষকের মুখে ফুটেছে হাসি।

গতকাল সোমবার সকালে উপ-সহকারী কৃষি কর্মকর্তার উপজেলার হবিরবাড়ী ইউনিয়নের পাখিরচালা গ্রামে কৃষক মোজাম্মেল হোসেনের দুই বিঘা জমির আগাম ত্রি-ধান ৭০ আনুষ্ঠানিকভাবে কর্তন শুরু হয়।

উপ-সহকারী কৃষি কর্মকর্তা সাইদুল ইসলাম জানান, অন্যান্য জাতের ধানের চেয়ে ত্রি-ধান ৭০ কম খরচে বেশি ফলন, আকারে চিকন ও লম্বা, হালকা সুগন্ধি স্বল্প জীবনকাল হওয়ায় এর চাহিদা বেশি। বীজ বপন ও চারা রোপণের ১৩০ থেকে ১৩৫ দিনের মধ্যে এ ধান পেকে কাটার উপযোগী হয়ে যায়। ত্রি-ধান ৭০ কাটার পর কৃষকরা ওই জমিতে গম, ভুট্টা, সরিষাসহ রবিশস্য আবাদ করতে পারেন অনায়াসে। এ জাতের ধান প্রতি হেক্টর জমিতে উৎপাদন হয় ৫ টন।

তিনি আরও জানান, স্বল্প জীবন ও কম খরচে অধিক ফলন হওয়ায় এই ধান চাষে কৃষকদের মধ্যে ব্যাপক সারা জেগেছে।

কৃষক মোজাম্মেল হোসেন জানান, দুই বিঘা জমি চাষ

বাবদ ৪ হাজার, বীজ ৬০০ টাকা, রোপণ ২ হাজার ৮০০, সার ১ হাজার, আগাছা পরিষ্কার ২ হাজার ও কর্তন ৪ হাজার মিলিয়ে মোট ১৪ হাজার ৪০০ টাকা খরচ হয়েছে। দুই

বিঘা (৭০ শতাংশ) জমি থেকে তিনি ৩২ মণ ধান পাবেন বলে আশা করছেন, যা ৩০ থেকে ৩২ হাজার টাকা বিক্রি করতে পারবেন। তিনি জানান, এ ধানে সহজে পোকাকার আক্রমণ ও রোগ বলাই দেখা দেয় না। অন্যান্য ধানের চেয়ে কম সময়ে পরিপক হওয়ার কারণে তারা এ ধান চাষে বেশি সাচ্ছন্দ্য বোধ করছেন। অন্যান্য ধানের চেয়ে ১৫-২০ দিন পূর্বে এ ধান ঘরে তুলতে পারায় তাদের পরিবারের খাদ্য সমস্যা দূর হবে।

হিলিতে পৈঁ বৃদ্ধি : ব

নিজস্ব বার্তা পরিবেশক, দিনাজপুর

দিনাজপুরের হিলি বন্দরে ভারতীয় বাজারে কমতে শুরু করেছে আড়তগুলোতে কেজিতে ৫ থেকে হাট্টে। দাম কমান বিক্রি হচ্ছে বেশি মাঝে। বন্দরের পৈঁয়াজ ব্যবসায়ীর পাওয়ার প্রেক্ষিতে বেশি করে এ ফেলে চাহিদার তুলনায় আমদানি ভারতের অভ্যন্তরে পাইপলাইনে অপেক্ষায় রয়েছে। সেগুলো আসতে কাস্টমস সূত্রে জানা গেছে, চলতি ১৩টি ট্রাকে ৩শ' ৫৮ মেট্রিক টন